



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৩৬০


তারিখঃ ২৯/০৫/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৩৪ তম কমিশন সভা অদ্য ২৯/০৫/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. Argon Denims Ltd. এর ১০ টাকা মূল্যমানের ৩০০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি শেয়ার ৩৪ টাকা প্রিমিয়ামসহ ৪৪ টাকায় ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটি ১৩২,০০,০০,০০০/- টাকা পুঁজি উত্তোলন করে ব্যাংক থেকে গৃহীত ঋন পরিশোধ, প্রকল্প সম্প্রসারণ এবং প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর খরচ খাতে ব্যয় করবে। Argon Denims Ltd. এর ৩১.১২.২০১১ইং তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক প্রতিবেদন অনুযায়ী বেসিক শেয়ার প্রতি আয় ৫.৪৬ টাকা। উল্লেখ্য, লংকাবাংলা ইনভেস্টমেন্টস লিঃ, Argon Denims Ltd. এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে।
২. কমিশন আজকের সভায় Banglalion Communications Ltd. এর ১৩০ কোটি টাকার ১০% কনভার্টেবল জিরো কুপন বন্ড ইস্যুর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৩ থেকে ৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে ইন্ড টু ম্যাচুরিটি ১৫ শতাংশ (yield to maturity 15%)। কোম্পানীর বর্তমান শেয়ার হোল্ডারদের বাইরে শুধুমাত্র প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের প্রাইভেট প্রেসমেন্ট এর মাধ্যমে এই বন্ড ইস্যু করা হবে। উল্লেখ্য এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Banglalion Communications Ltd. ব্রডব্যান্ড ওয়্যারলেস এক্সেস প্রজেক্ট এর কাজে ব্যয় করবে। Banglalion Communications Ltd. কনভার্টেবল জিরো কুপন বন্ড এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। এই বন্ডের ইস্যু ম্যানেজার ও ট্রাস্টি হিসেবে Industrial and Infrastructure Development Finance Company Ltd. (IIDFC) কাজ করছে।
৩. পূঁজিবাজারের ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য বিশেষ স্কিম কমিটি কর্তৃক প্রণীত তালিকা ও সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য কতিপয় দিক নির্দেশনা সাপেক্ষে উক্ত তালিকা ও সুপারিশসমূহ অনুমোদিত হয়। যা বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়ার সিদ্ধান্তও গৃহীত হয়।
৪. অ্যাপোলো ইম্পাত কমপ্লেক্স লিঃ কর্তৃক প্রাথমিক গণ প্রস্তাবের প্রসপেক্টাসের আর্থিক বিবরণীতে অসত্য তথ্যাদি পরিবেশনের দায়ে উক্ত কোম্পানী, প্রাথমিক গণপ্রস্তাবের ইস্যু ম্যানেজার- আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এবং নিরীক্ষা প্রতিষ্ঠান- মেসার্স জোহা জামান কবির রশীদ এন্ড কোং এর উপর ১(এক) লক্ষ টাকা হারে কমিশন জরিমানা ধার্য করেছে। এছাড়াও অ্যাপোলো ইম্পাত কমপ্লেক্স লিঃ এর ভ্যালুয়ার- মেসার্স মসিহ মুহিত হক এন্ড কোং এর উপর ২ (দুই) লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করেছে।
৫. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন কর্তৃক ইতোপূর্বে প্রকাশিত কর্পোরেট গভার্নেন্স গাইডলাইন এর প্রস্তাবিত সংশোধনীটি জনমত জরিপের পর অদ্যকার সভায় কতিপয় সংশোধনী সাপেক্ষে চূড়ান্তভাবে অনুমোদিত হয়। অন্যান্যের মধ্যে অনুমোদিত সংশোধনীর উল্লেখযোগ্য দিক হ'লঃ

কর্পোরেট গভার্নেন্স গাইডলাইনটি “comply or explain” ভিত্তিতে ইতিপূর্বে তালিকাভুক্ত কোম্পানীগুলি পরিপালন করলেও এখন থেকে (কমিশন কর্তৃক নির্ধারিত সময়সীমা বেধে দেওয়ার পর) তালিকাভুক্ত কোম্পানীগুলোকে তা বাধ্যতামূলকভাবে পরিপালন করতে হবে। এছাড়াও, তালিকাভুক্ত কোম্পানীর পরিচালনা বোর্ডে এক চতুর্থাংশ স্বাধীন পরিচালক (Independent Director) থাকতে হবে।



মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র